# Exchange of list of prisoners between India and Pakistan

January 01, 2023

# ভারত এবং পাকিস্তানের মধ্যে বন্দী তালিকা বিনিময়

জানুয়ারি 01, 2023

আজ নিউ দিল্লি এবং ইসলামাবাদে ভারত এবং পাকিস্তানের মধ্যে তাদের হেফাজতে বন্দী অসামরিক নাগরিক এবং মৎস্যজীবীদের তালিকা বিনিময় করা হয়েছে। 2008-এর কনস্যুলার অ্যাকসেস চুক্তি অনুসারে প্রতি বছর 1লা জানুয়ারি এই ধরনের তালিকা বিনিময় করা হয়ে থাকে।

ভারত বর্তমানে তাদের হেফাজতে বন্দী থাকা পাকিস্তানের 339 জন অসামরিক নাগরিক এবং 95 জন মৎস্যজীবীর তালিকা প্রদান করেছে এবং পাকিস্তান তাদের হেফাজতে বন্দী থাকা ভারতীয় অথবা ভারতীয় বলে ধরে নেওয়া 51 জন অসামরিক নাগরিক এবং 654 জন মৎস্যজীবীর তালিকা প্রদান করেছে।

সরকার পাকিস্তানের হেফাজতে থাকা অসামরিক বন্দী, নিখোঁজ থাকা ভারতীয় সামরিক ব্যক্তি এবং মৎস্যজীবীদের তাদের নৌকা সমেত দ্রুত মুক্তি এবং স্বদেশে প্রেরণ করার জন্য আহ্বান জানিয়েছে। এই পরিপ্রেক্ষিতে, ভারত 631 জন ভারতীয় মৎস্যজীবী এবং 02 জন ভারতীয় অসামরিক বন্দিকে দ্রুত মুক্তি দেওয়া এবং স্বদেশে প্রেরণ করার জন্য পাকিস্তানকে জানিয়েছে , যাদের সাজার মেয়াদ ইতিমধ্যেই শেষ হয়ে গিয়েছে এবং তাদের নাগরিকত্বও প্রতিপন্ন হয়েছে। এছাড়াও, পাকিস্তানের হেফাজতে থাকা বাকি 30 জন মৎস্যজীবী এবং 22 জন অসামরিক বন্দীদের, যারা ভারতীয় বলে ধরে নেওয়া হয়েছে, তাদের দ্রুত কনস্যুলার অ্যাকসেস প্রদান করার জন্য পাকিস্তানকে বলা হয়েছে।

ভারত, একে অপরের দেশে বন্দী এবং মৎস্যজীবীদের সাথে সম্পর্কিত বিষয়গুলি সহ সকল মানবিক বিষয়গুলিকে অগ্রাধিকারের ভিত্তিতে সমাধান করতে অঙ্গীকারবদ্ধ। এই পরিপ্রেক্ষিতে, ভারত, মৎস্যজীবী সহ 71 জন পাকিস্তানি বন্দীদের নাগরিকত্ব প্রতিপন্ন করার জন্য পাকিস্তানের তরফ থেকে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নেবার জন্য আর্জি জানিয়েছে । পাকিস্তানের নাগরিকত্ব প্রতিপন্ন করার অভাবে তাদের স্বদেশ প্রত্যাবর্তন স্থগিত হয়ে আছে। সকল ভারতীয় এবং ভারতীয় বলে ধরে নেওয়া অসামরিক বন্দী এবং মৎস্যজীবীদের, যাদের মুক্তি এবং ভারতে প্রত্যাবর্তন স্থগিত হয়ে আছে, তাদের সুরক্ষা, নিরাপত্তা এবং ভালো থাকাকে সুনিশ্চিত করার জন্য পাকিস্তানকে অনুরোধ করা হয়েছে।

**নিউ দিল্লি**
**জানুয়ারি 01, 2023**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.